“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”

# ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

নগর ভবন, ঢাকা
www.dscc.gov.bd

স্মারক নং-৪৬.২০৭.০১১.০৩.০৩.২৭৮৮.২০১৪-৪৫৬

তারিখ ঃ ২৭ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ
১১ আগষ্ট ২০২১ খ্রিস্টাব্দ

## দৈনিক মজুরি ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ীভাবে পরিচ্ছন্নতাকর্মী (অদক্ষ) নিয়োজিতকরণ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের ০৩ আগষ্ট ২০২১ তারিখের ৪৬.০০.০০০০.০৭০.১৮.০৩২.১৯.৭৩৬ সংখ্যক স্মারকে অনুমোদনের পরিপ্রেক্ষিতে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনার জন্য বর্জ্য ব্যবস্থাপনা বিভাগের আওতায় সম্পূর্ণ অস্থায়ীভাবে দৈনিক মজুরি ভিত্তিক (কাজ করলে মজুরি, না করলে নেই শর্তে) হরিজন ও তেলেগু সম্প্রদায়ভুক্ত পরিচ্ছন্নতাকর্মী (অদক্ষ) নিয়োজিত করা হবে। সম্পূর্ণ অস্থায়ীভাবে “কাজ করলে মজুরি, না করলে নেই” ভিত্তিতে হরিজন ও তেলেগু সম্প্রদায়ভুক্ত পরিচ্ছন্নতাকর্মী (অদক্ষ) হিসেবে কাজ করতে আগ্রহী বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ

| ক্রঃ নং | পদের নাম | দৈনিক মজুরীর হার | পদের সংখ্যা | বয়সসীমা | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১. | পরিচ্ছন্নতাকর্মী (অদক্ষ) (হরিজন সম্প্রদায়ভুক্ত) | ৫৭৫/- (পাচঁশত পচাত্তর টাকা) | ১০০ টি | ১৮ বছর হতে ৩০ বছর | শিক্ষাগত যোগ্যতা অষ্টম শ্রেণী পাস এবং সুঠাম স্বাস্থ্যের অধিকারী হতে হবে। |
| ২. | পরিচ্ছন্নতাকর্মী (অদক্ষ) (তেলেগু সম্প্রদায়ভুক্ত) | ৫৭৫/- (পাচঁশত পচাত্তর টাকা) | ৫০ টি | ১৮ বছর হতে ৩০ বছর | শিক্ষাগত যোগ্যতা অষ্টম শ্রেণী পাস এবং সুঠাম স্বাস্থ্যের অধিকারী হতে হবে। |

শর্তাবলী ঃ

১। সচিব, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন বরাবর আবেদন করতে হবে।

২। ১৭ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ/ ০১ আগষ্ট ২০২১ খিস্টাব্দ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮ হতে ৩০ বৎসর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও নাতি-নাতনিদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বৎসর। বয়সের ক্ষেত্রে কোনোক্রমেই এভিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৩। আবেদনপত্রের সাথে সম্প্রতি তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি, জাতীয় পরিচয়পত্র/নাগরিকত্ব সনদ, শিক্ষাগত যোগ্যতা সনদ এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করে আনতে হবে। আগ্রহী প্রার্থীদেরকে আগামী ৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখ বৃহস্পতিবার সকাল ১০:০০ ঘটিকার মধ্যে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের নগর ভবনস্থ ব্যাংক ফ্লোর প্রাঙ্গণে প্রার্থীদের উপযুক্ততা যাচাই ও সাক্ষাৎকারে উপস্থিত থাকতে হবে। সমুদয় কাগজপত্রের মূলকপিসহ উপস্থিত থাকতে হবে এবং উহার এক প্রস্থ ছায়ালিপি মৌখিক পরীক্ষার সময় জমা দিতে হবে।

৪। হরিজন ও তেলেগু সম্প্রদায়ভুক্ত কিনা তা প্রমাণের জন্য ইউনিয়ন পরিষদের ক্ষেত্রে চেয়ারম্যান, পৌরসভার ক্ষেত্রে মেয়র এবং সিটি কর্পোরেশনের ক্ষেত্রে ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ এবং হরিজন/তেলেগু সম্প্রদায়ের স্থানীয় সম্প্রদায় সংঘ/কমিটি প্রধানের প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

৫। এ নিয়োজিতকরণ সম্পূর্ণরূপে দৈনিক মজুরি ভিত্তিক এবং ভবিষ্যতে কোনোক্রমে নিয়মিতকরণের বা স্থায়ীকরণের কোন সুযোগ থাকবে না। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের চাহিদা ও প্রয়োজন থাকা পর্যন্ত নির্দিষ্ট সময়ের জন্য এই “শ্রমিকগণ” 'কাজ করলে মজুরি, না করলে নাই' ভিত্তিতে কাজ করবে।

৬। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ দরখাস্তসমূহ বাতিল বলে গন্য হবে।

৭। যে কোন পর্যায়ে নিয়োজিতকরণ বিজ্ঞপ্তি বাতিল/প্রত্যাহারের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৮। পরিচ্ছন্নতাকর্মী নিয়োজিত করার জন্য নির্বাচনী সাক্ষাৎকারে অংশ গ্রহণের নিমিত্ত কোন টিএ/ডিএ বা ভাতা প্রদান করা হবে না।

১১/৮/২১

(আকরামুজ্জামান)
সচিব
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
ফোন-৯৫৬৩৫০৭

স্মারক নং-৪৬.২০৭.০১১.০৩.০৩.২৭৮৮.২০১৪-৪৫৬

তারিখ ঃ ২৭ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ
১১ আগষ্ট ২০২১ খ্রিস্টাব্দ

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাদসিক।
৩। মেয়রের একান্ত সচিব, ঢাদসিক (মাননীয় মেয়রের সদয় অবগতির জন্য)।
৪। জনসংযোগ কর্মকর্তা, ঢাদসিক (এ বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত একটি বাংলা পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৫। সিস্টেম এনালিস্ট, ঢাদসিক (ঢাদসিক'র ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
৬। সহকারী সচিব, সংস্থাপন শাখা-১,২,৩ ও সাধারণ প্রশাসন শাখা, ঢাদসিক।
৭। অফিস কপি (নথি নং-৪৬.২০৭.০১১.০৩.০৩.২৭৮৮.২০১৪, তারিখ-১৩.১০.২০১৪)।

২৭ শ্রাবণ ১৪২৮

(মোহাঃ রোকনুজ্জামান)
সহকারী সচিব
সংস্থাপন শাখা-৩

প্রাপ্তি আইসিটি সেল
তারিখ-১২/৮/২১